


## বাংলাদেশ

# জকসু নির্বাচনে প্রার্থীদের ডোপ টেষ্ট মঙ্গল ও বুধবার, অংশ না নিলে প্রার্থিতা বাতিল

প্রতিনিধি জগন্নাথ বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ০৯ ডিসেম্বর ২০২৫, ০১: ০১



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছবি: প্রথম আলো

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) ও হল সংসদ নির্বাচনের প্রার্থীদের ডোপ টেষ্ট (মাদক পরীক্ষা) মঙ্গল ও বুধবার করানো হবে। সোমবার জকসুর প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক মোস্তফা হাসান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

প্রথম দিন মঙ্গলবার কেন্দ্রীয় সংসদের ১২৯ জন প্রার্থী এবং দ্বিতীয় দিন বুধবার কেন্দ্রীয় সংসদের ৭১ জন প্রার্থী ও নবাব ফয়েজুরেসা চৌধুরাণী হল সংসদের ৩৮ জন প্রার্থীসহ মোট ১০৯ জন প্রার্থীর ডোপ টেষ্ট করানো হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের প্যাথলজি বিভাগে (নতুন ভবন, ২০৪ নম্বর কক্ষ) সকাল ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এই টেষ্ট হবে। ডোপ টেষ্টের খরচ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করবে।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, জকসু নির্বাচনী আচরণবিধির ৩ নম্বর শর্ত অনুযায়ী ডোপ টেষ্টে অংশ না নিলে প্রার্থীর প্রার্থিতা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। টেষ্টের সময় প্রার্থীদের পাসপোর্ট আকারের এক কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং বিশ্ববিদ্যালয়ের আইডি কার্ডের ফটোকপি সঙ্গে আনতে হবে।

প্রার্থীদের যাতায়াতের সুবিধার্থে ৯ ও ১০ ডিসেম্বর সকাল ৮টা ১৫ মিনিটে দুটি করে বাস ক্যাম্পাস থেকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের উদ্দেশে ছেড়ে যাবে। বাসগুলো দুপুর সাড়ে ১২টায় আবার ক্যাম্পাসের উদ্দেশে রওনা হবে।

জকসুর প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক মোস্তফা হাসান বলেন, ‘প্রার্থীদের অবশ্যই এনআইডি ও বিশ্ববিদ্যালয়ের আইডি কার্ড সঙ্গে নিয়ে ঢাকা মেডিকেলে উপস্থিত হতে হবে।’ তিনি আরও বলেন, ‘টেষ্টের সময় চিকিৎসকদের পাশাপাশি নির্বাচন কমিশনের প্রতিনিধিরাও উপস্থিত থাকবেন।’

জালিয়াতির বিষয়ে সতর্ক করে প্রধান নির্বাচন কমিশনার বলেন, ‘প্রত্যেক প্রার্থীকে নিজ হাতে স্বাক্ষর দিতে হবে। এখানে জালিয়াতির কোনো সুযোগ নেই।’ তিনি স্পষ্ট করে বলেন, ‘কারও স্বাক্ষর জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে তাঁর প্রার্থিতা সরাসরি বাতিল বলে গণ্য করা হবে।’

৪ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের সিভিকেট সভা শেষে নির্বাচনের নতুন তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন। তফসিলে বলা হয়, চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে ১১ ও ১২ ডিসেম্বর। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ১৪ ডিসেম্বর। প্রার্থীরা ১৪ থেকে ২৭ ডিসেম্বর পর্যন্ত প্রচারণা চালাতে পারবেন। ভোট গ্রহণ হবে ৩০ ডিসেম্বর।